

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

"Bangladesh Bank-Authorized Dealers' Forum" এর ৩৩তম সভার রেকর্ড নোটস।

"বাংলাদেশ ব্যাংক-অনুমোদিত ডিলারস ফোরাম" এর ৩৩তম সভা ২০/০৭/২০২৩ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ফোরামের আহবায়ক ও বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ জাকির হোসেন চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকের মূল ভবনের ৫ম তলায় জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ফোরামের সদস্য ও প্রতিনিধিদের তালিকা পরিশিষ্ট "ক"তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নতুন যোগদানকারীদের পরিচিতি বিনিময়ের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত ৩২ তম সভার রেকর্ডনোটস উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর বিগত সভার সিদ্ধান্তগুলোর পরিপালন/বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করা হয়। এ পর্যায়ে ৩২তম সভা হতে ৩৩তম সভা পর্যন্ত সময়কালে জারিকৃত বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের প্রযোজ্য ক্ষেত্রে ব্যাখ্যা প্রদান/স্পষ্টীকরণ করা হয়। অতঃপর উত্থাপিত অন্যান্য বিষয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	উত্থাপনকারী	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পক্ষ/পক্ষসমূহ
০১.	ব্যাংকসমূহ কর্তৃক স্বীকৃত ও মেয়াদোত্তীর্ণ লোকাল ও ফরেন আমদানি বিলসমূহ যথাসময়ে পরিশোধ করা প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রংকাঃ।	এফইওডি'র পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, মার্চ/২০২৩ স্থিতি ভিত্তিক ব্যাংকসমূহ কর্তৃক স্বীকৃত ও মেয়াদোত্তীর্ণ লোকাল ও ফরেন আমদানি বিলের পরিমাণ ডিসেম্বর/২০২২ স্থিতির তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। স্বীকৃত ও অপরিশোধিত বিলসমূহ যথাসময়ে পরিশোধ করার বিষয়ে সভা হতে ব্যাংকসমূহকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।	সকল ব্যাংক
০২.	OIMS-রিপোর্টিং প্রসঙ্গে।	এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রংকাঃ।	প্রায়শই ব্যাংকগুলো এলসির তথ্য OIMS এ বিলম্বে রিপোর্ট করে এবং অনেক ক্ষেত্রে রিপোর্টিংয়ের সময় Commodity Head, Quantity, Unit of Measures, H.S. Code ও Description ভুলভাবে রিপোর্ট করে থাকে মর্মে এফইওডি সভাকে অবহিত করে। সার্বিক আলোচনান্তে, এলসির তথ্যাদি সঠিক সময়ে ও সঠিক শিরোনামে নির্ভুলভাবে রিপোর্টিং সম্পন্ন করার জন্য ব্যাংকসমূহকে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।	সকল ব্যাংক
০৩.	Master circular on Schedule of Charges প্রসঙ্গে।	আমদানি নীতি শাখা, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রংকাঃ।	আমানতকারী/বিনিয়োগকারী/গ্রাহক স্বার্থ সংরক্ষণকল্পে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক সরবরাহকৃত সেবাসমূহের বিপরীতে ধার্যকৃত বিভিন্ন ধরনের চার্জ/ফি/কমিশনের পরিমাণ/হারের অসামঞ্জস্যতা দূরীকরণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক Master Circular on Schedule of Charges এর বিষয়ে সার্কুলার ১১/২০২১ জারি করা হয়। উক্ত সার্কুলারে স্থানীয় ও বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত বিষয়ে ক্ষেত্র বিশেষে সর্বোচ্চ সেবামূল্য নির্ধারণ করা হলেও ব্যাক টু ব্যাক এলসির বিপরীতে ডিসক্রিপেন্সি চার্জ, রিইমবার্সমেন্ট চার্জ বা পেমেন্ট ইস্যু চার্জ, ট্রেড অ্যারেঞ্জমেন্ট ফি, স্ট্রাকচার্ড ট্রেড অ্যারেঞ্জমেন্ট ফি প্রভৃতির সর্বোচ্চ হার নির্ধারণ করা হয়নি বিধায় বিভিন্ন ব্যাংক কর্তৃক বিভিন্ন হারে চার্জ আরোপ করা হচ্ছে বলে বিভিন্ন পক্ষ হতে	আমদানি নীতি শাখা, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রংকাঃ।

			<p>অভিযোগ করা হয় মর্মে আমদানি নীতি শাখা, এফইপিডির পক্ষ হতে সভাকে অবহিত করা হয়। এ ব্যাপারে বিজিএপিএমইএ এবং বিটিএমএ এর সদস্যভুক্ত প্রচলিত রপ্তানীকারক প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও ডিসক্রিপেন্সি চার্জসহ পেমেন্ট ও রিইমবার্সমেন্ট চার্জ/ফি এর হার ব্যাংক ভেদে ভিন্ন হওয়ায় উক্ত চার্জ/ফি কর্তনে সমতা আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজিএপিএমইএ এবং বিটিএমএ কর্তৃকও অনুরোধ জানানো হয় মর্মে আমদানি নীতি শাখার প্রতিনিধি জানায়। বিষয়টিতে বিআরপিডির সংশ্লিষ্টতা থাকায় সভার সভাপতি বিআরপিডির সাথে আলোচনা করে তা নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।</p>	
০৪.	<p>অভ্যন্তরীণ ব্যাংক টু ব্যাংক এল/সি'র পরিবর্তে ঋণপত্র চুক্তি/ক্রয় আদেশের বিপরীতে ব্যাংক টু ব্যাংক এল/সি স্থাপন করা প্রসঙ্গে।</p>	প্রাইম ব্যাংক লিঃ	<p>প্রাইম ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জিএফইটি ২০১৮, অধ্যায় ৭ প্যারা ৪০(বি) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রচলিত রপ্তানীকারকেরা প্রত্যক্ষ রপ্তানীকারক কর্তৃক ইস্যুকৃত অভ্যন্তরীণ বিটুবি এল/সি প্রাপ্তির পর প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করার জন্য অন্য আরেকটি বিটুবি এল/সি খুলতে পারে। দেখা গেছে, বস্ত্র আমদানি করার জন্য প্রায়শই তারা স্থানীয় প্রস্তুতকারক/প্রচলিত রপ্তানীকারকদের কাছ থেকে এমন অভ্যন্তরীণ বিটুবি এল/সি পায় যেগুলোতে শিপমেন্টের মেয়াদ, অভ্যন্তরীণ বিটুবি এল/সি ইস্যুর তারিখ থেকে ১০-১৫ দিন হয়। অধিকন্তু, অনেক চালানের মাধ্যমে অল্প পরিমাণ আমদানি করার চেয়ে অধিক পরিমাণে কাঁচামাল সংগ্রহ করা সবসময়ই সুবিধাজনক মর্মেও ব্যাংকটির প্রতিনিধি সভাকে অবহিত করে বাস্তব পরিস্থিতি মূল্যায়নের মাধ্যমে রপ্তানি ঋণপত্র চুক্তি/ক্রয় আদেশের বিপরীতে প্রচলিত রপ্তানীকারকদের বিটুবি এল/সি স্থাপনের সুযোগ প্রদান করার জন্য প্রস্তাব করেন। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, মূল্যসংযোজন কর বিধিবিধানের অনুসৃত পদ্ধতি মোতাবেক অভ্যন্তরীণ বিটুবি এল/সি'র মাধ্যমে উপকরণাদি সংগ্রহের ব্যবস্থা জিএফইটি ২০১৮ এর ৭ম অধ্যায়ে রয়েছে। অভ্যন্তরীণ বিটুবি এল/সি ছাড়াও জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনার আলোকে ইউজেন্স এল/সি'র বিষয় জিএফইটি ২০১৮ এর ৭ম অধ্যায়ে ৪০(সি) প্যারাতে রয়েছে।</p>	
০৫.	<p>বৈদেশিক বিনিময়ে স্বল্পমেয়াদী অনুমোদিত ট্রেড ফিন্যান্সে সকল রকম খরচের (সুদের হারসহ) সর্বোচ্চ সীমার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।</p>	প্রাইম ব্যাংক লিঃ	<p>প্রাইম ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, এফই সার্কুলার ২৭/২০২২ অনুযায়ী বৈদেশিক বিনিময়ে স্বল্পমেয়াদী অনুমোদিত ট্রেড ফিন্যান্সে সকল রকম খরচের (সুদের হারসহ) সর্বোচ্চ সীমা SOFR+৩.৫০% নির্ধারণ করা হয়েছে। ট্রেড ঋণ গ্রহণের বাৎসরিক খরচ উল্লেখযোগ্য হারে বেড়ে যাওয়ার কারণে উল্লিখিত সর্বোচ্চ সীমায় বৈদেশিক মুদ্রায় ট্রেড লোন গ্রহণ দুরূহ হয়ে পড়েছে মর্মে উল্লেখ করে ব্যাংকটির প্রতিনিধি এ পরিস্থিতিতে, বিশ্ববাজারে বিদ্যমান ঋণ হারের সঙ্গে বৈদেশিক স্বল্পমেয়াদী অনুমোদিত ট্রেড ফিন্যান্সে সকল রকম খরচের (সুদের হারসহ) সর্বোচ্চ সীমা বাস্তব সম্মত পর্যায়ে পুনঃনির্ধারণ করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন।</p> <p>বৈশ্বিক বাজারে ঋণের সুদের হার উর্ধ্বমুখী এবং অনেক ক্ষেত্রে সরাসরি বিদেশ থেকে ট্রেড ক্রেডিট পাওয়া যাচ্ছে না মর্মে জানা যাচ্ছে। এ পর্যায়ে সরাসরি বিদেশী ঋণদাতা ব্যাংকের পরিবর্তে ওবিইউ এর মাধ্যমে ট্রেড ফাইন্যান্স প্রদান অধিকতর যুক্তিযুক্ত। এক্ষেত্রে ব্যাংকের এফআই টিমকে</p>	সকল ব্যাংক

			সক্ষম করে বিদেশী কারেসপন্ডেন্টদের সাথে সুসম্পর্কের ভিত্তিতে ক্রেডিট লাইন স্থাপনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যুক্তিযুক্ত হবে মর্মে এফইপিডি'র পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।	
০৬.	বিদেশী ব্যাংকের পাশাপাশি অফশোর ব্যাংকিং ইউনিট (OBU) থেকে ও Buyer's credit এর মাধ্যমে BTBLC স্থাপন করা, প্রযোজ্য ক্ষেত্রে এর সময় বর্ধিত করা এবং ক্ষেত্রে বিশেষে পুনঃঅর্থায়ন করার (সর্বোচ্চ সময় ১৮০ দিন) সুবিধা প্রদান প্রসঙ্গে।	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইডিএফ সুবিধা গ্রহণকারীর আবেদনের প্রেক্ষিতে বিদেশী সরবরাহকারীর অনুকূলে সাইট এলসির মাধ্যমে ব্যাক টু ব্যাক ঋণপত্রের সুবিধা প্রদান করা হয়ে থাকে। অন্যান্য ক্ষেত্রে Buyer's credit/Supplier's credit এর মাধ্যমে গ্রাহক সুবিধা পেয়ে থাকে। আবার, লোকাল বিটবিগুলো অনেক ক্ষেত্রে সরবরাহকারীর সাথে ৯০/১২০/১৫০ দিনের ডেফার্ড পেমেন্টের জন্য খোলা হয়। প্রায়শই রপ্তানী মূল্য বিলম্বে আসার কারনে এবং সরবরাহকারীর Time extension আবেদন প্রত্যাখানের কারনে রপ্তানীকারকের অনুকূলে ফোর্সড লোন সৃষ্টির মাধ্যমে তাদের আমদানি দায় পরিশোধ করতে হয়। এতে রপ্তানীকারক ক্ষতির সম্মুখীন হয় মর্মে উল্লেখ করেএ প্রেক্ষাপটে বিদেশী ব্যাংকের পাশাপাশি OBU থেকেও Buyer's credit এর মাধ্যমে BTB করা, প্রযোজ্য ক্ষেত্রে সময় বর্ধিত করা এবং ক্ষেত্রে বিশেষে পুনঃঅর্থায়ন (সর্বোচ্চ সময় ১৮০ দিন) করার সুবিধা প্রদান করা হলে রপ্তানীকারকদের আমদানী ব্যয় কমবে বলে OBU থেকে উক্ত সেবা প্রদানের অনুমতির জন্য ব্যাংকটির প্রতিনিধি সভায় মতামত ব্যক্ত করেন। অভ্যন্তরীণ বিটবি এল/সি'র বিপরীতে সরবরাহকারী তার ব্যাংকের মাধ্যমে কিংবা ওবিইউ এর মাধ্যমে বিলম্বিত বৈদেশিক মুদ্রায় ডিসকাউন্ট করাতে পারে। এক্ষেত্রে ওবিইউ থেকে কোনরূপ অর্থায়ন সুবিধা প্রদানের প্রয়োজন নেই মর্মে এফইপিডির পক্ষ হতে সভাকে অবহিত করা হয়।	-
০৭.	স্টুডেন্ট ফাইলের রিফান্ড/বাতিলের ক্ষেত্রে বিনিময় হার প্রদান প্রসঙ্গে।	প্রিমিয়ার ব্যাংক	প্রিমিয়ার ব্যাংক লিঃ এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, স্টুডেন্ট ফাইলের বিষয়ে বৈদেশিক মুদ্রা ফেরত বা বাতিলের ক্ষেত্রে ট্রানজেকশন তারিখের বিনিময় হার অথবা ব্যাংকের ক্রয় হারের মধ্যে যেটি কম সেই হার প্রদানের রীতি প্রচলিত রয়েছে। আগে বিনিময় হার অনেকটা স্থিতিশীল ছিলো বিধায় তেমন পার্থক্য প্রতীয়মান হতো না। কিন্তু বর্তমানে প্রতি মাসে বিনিময় হার পরিবর্তনের কারনে বর্ধিত বিনিময় হার প্রদান করতে হচ্ছে। যেহেতু দেশের টাকায় ক্রয়কৃত কন্সটার্জিত বৈদেশিক মুদ্রাই আবার ফেরৎ আসছে বা ভ্যালু এডেড হচ্ছে না এ ক্ষেত্রে বর্ধিত বিনিময় হার প্রদানের যৌক্তিকতা আছে কিনা এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য ব্যাংকটির প্রতিনিধি প্রস্তাব পেশ করেন। আলোচনায় অংশ নিয়ে এফইপিডির পরিচালক বিষয়টি লেনদেন/ট্রানজেকশন তারিখের বৈদেশিক মুদ্রা-টাকার এক্সচেঞ্জ রেইট (TT Clean) অনুসারেই নিষ্পত্তিযোগ্য মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে প্রিমিয়ার ব্যাংকের একটি কেইস ইতিমধ্যে নিষ্পত্তি করা হয়েছে মর্মেও তিনি সভাকে অবহিত করলে সভার সভাপতি অনুরূপ বিষয়ে তা অনুসৃত হবে মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন।	সকল ব্যাংক
০৮.	ইমপোর্ট ট্রানজেকশনে ব্যবহৃত ক্রেডিট রিপোর্ট এর জন্য Central Database/Repository চালু করা প্রসঙ্গে।	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন ২০১৮ এর Chapter 07, Para 23 (b) তে বিভিন্ন ইমপোর্ট ট্রানজেকশনে প্রাপ্ত ক্রেডিট রিপোর্টসমূহ হেড অফিস পর্যায়ে একটি সেন্ট্রাল ডেটাবেজে সংরক্ষণ করার নির্দেশনা রয়েছে। এ ব্যাপারে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, একটি ব্যাংকের AD শাখা কর্তৃক গৃহীত ক্রেডিট রিপোর্ট সংশ্লিষ্ট ইমপোর্টারের অনুরোধক্রমে তাদের আরেকটি ব্যাংকের AD শাখার সাথে	সকল ব্যাংক

			<p>ব্যাংকিং চ্যানেলে (ই-মেইল) প্রেরণ করার প্রচলন রয়েছে। বিভিন্ন ক্রেডিট রেটিং এজেন্সি থেকে প্রাপ্ত ক্রেডিট রিপোর্ট সংশ্লিষ্ট চার্জ বৈদেশিক মুদ্রায় প্রেরণ করতে হয়। এই প্রেক্ষিতে, সামগ্রিকভাবে দেশের বৈদেশিক মুদ্রার বহির্গমন কমানোর লক্ষ্যে এবং ব্যাংকিং চ্যানেলে কোন নির্দিষ্ট সরবরাহকারীর ক্রেডিট রিপোর্ট সহজলভ্যকরনের স্বার্থে কেন্দ্রীয় ব্যাংক পর্যায়ে একটি সেন্ট্রাল ডেটাবেজ প্রতিষ্ঠিত করার বিষয়টি বিবেচনা করার জন্য ব্যাংকটির পক্ষ হতে প্রস্তাব করা হলে সভার সভাপতি বিষয়টি বিদ্যমান রীতি অনুযায়ী এডি ব্যাংকের নিজস্ব এখতিয়ারে সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	
০৯.	<p>EPZ সংশ্লিষ্ট শিপমেন্ট পরবর্তী পেমেন্ট এর জন্য পৃথক বাংলাদেশ ব্যাংক রেফারেন্স কোড অন্তর্ভুক্তিকরন প্রসঙ্গে।</p>	<p>স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক</p>	<p>স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভাকে জানান যে, EPZ সংশ্লিষ্ট শিপমেন্ট পরবর্তী পেমেন্ট করার জন্য বাংলাদেশ ব্যাংকের Online Import Monitoring System এ PII (Preliminary Input Information) রেজিস্ট্রেশনের সময় LC type কোড হিসেবে 15-Foreign Contract ব্যবহৃত হচ্ছে। সাধারণত, শিপমেন্ট পরবর্তী পেমেন্টসমূহ কাস্টমস প্রদত্ত বিল অফ এন্ট্রির বিপরীতেই সম্পন্ন করা হয়। কিন্তু বিল অফ এন্ট্রি PII রেজিস্ট্রেশনের পূর্বেই দাখিল হওয়ায় বিল অফ এন্ট্রিতে রেজিস্ট্রেশন নম্বরটি উল্লেখ থাকে না। এর ফলে আমদানিকারক প্রদত্ত বিল অফ এন্ট্রি রিপোর্টকৃত IMP এর সাথে ম্যাচিং করা সম্ভব হচ্ছেনা। ফলস্বরূপ, আমদানিকারকের নামে প্রকৃতরূপে কোন মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রি না থাকা সত্ত্বেও উল্লিখিত ম্যাচিং সময়মত সম্পন্ন না হওয়ায় মনিটরিং সিস্টেমে মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রি পরিলক্ষিত হয় মর্মেও ব্যাংকটির প্রতিনিধি উল্লেখ করেন। এ পরিস্থিতিতে, বিল অফ এন্ট্রিসমূহ যাতে মেয়াদোত্তীর্ণ তালিকায় প্রদর্শন না করে, সেই লক্ষ্যে EPZ সংশ্লিষ্ট শিপমেন্ট পরবর্তী পেমেন্টসমূহ অনলাইন ড্যাশবোর্ড থেকে সহজে চিহ্নিতকরণ এবং পৃথকীকরণের জন্য একটি নতুন LC Type কোড যোগ করার বিষয় বিবেচনা করার জন্য ব্যাংকটির প্রতিনিধি সভায় প্রস্তাব করেন। সভায় এফইওডির প্রতিনিধি জানান যে, EPZ ইমপোর্ট হতে Non-EPZ ইমপোর্ট পৃথক করার একটা উদ্যোগ চলমান রয়েছে। অচিরেই এ সমস্যার সমাধান হবে মর্মেও তিনি সভাকে অবহিত করলে সভাপতি বিষয়টি আশু সমাধান করার জন্য এফইওডিকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।</p>
১০.	<p>দীর্ঘমেয়াদি মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রিসমূহ ড্যাশবোর্ড থেকে অপসারণ প্রসঙ্গে।</p>	<p>স্ট্যান্ডার্ড চার্টার্ড</p>	<p>বাংলাদেশ ব্যাংকের ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের পত্র সূত্র নংঃ এফইওডি/ইমপোর্ট ট্রেড/৮৫/২০২০-২৪৩৬ তারিখঃ ১৩/০৯/২০২০ এর আলোকে ১৬/০৯/২০২০ তারিখ স্থিতি ভিত্তিক মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রি বিষয়ক একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রি সংশ্লিষ্ট বিবিধ বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচ্য বিষয়ের মধ্যে বিভিন্ন AD শাখার যেসকল দীর্ঘমেয়াদী মেয়াদোত্তীর্ণ বিল অফ এন্ট্রির গ্রাহক বা ডকুমেন্টেসের হদিস পাওয়া সম্ভবপর নয় সে সকল বিল অফ এন্ট্রিসমূহ স্থায়ীভাবে ড্যাশবোর্ড থেকে অপসারণের নিমিত্তে একটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রদানের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করা হয়। উক্ত সভায় এই বিষয়ে আলোচনা সাপেক্ষে নির্দেশনা প্রদান করা হবে মর্মে উল্লেখ করা হয়। বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে নির্দেশনা প্রদানের জন্য স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভায় অনুরোধ করলে এ বিষয়ে এফইওডির প্রতিনিধি বিষয়টি এখনো চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। সভাপতি এ ব্যাপারে</p>	<p>এফইওডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।</p>


১১.	RFCD A/C থেকে দায় পরিশোধ বিষয়ে স্পষ্টীকরণ করা প্রসঙ্গে।	সাউথ ইস্ট ব্যাংক লিঃ	এফইওডি কর্তৃক দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। বিদ্যমান বিধান অনুযায়ী বাংলাদেশী নিবাসী কোন ব্যক্তির বিদেশ ভ্রমণ শেষে দেশে ফেরত এসে RFCD A/C খুলে তার সঙ্গে নিয়ে আসা বৈদেশিক মুদ্রা জমা করার সুযোগ রয়েছে। উক্ত জমাকৃত বৈদেশিক মুদ্রা বিদেশেও অবাধে স্থানান্তরযোগ্য। বর্ণিত নির্দেশনার আলোকে কোন RFCD Account Holder কর্তৃক তার বা তার উপর নির্ভরশীল কোন ব্যক্তির (পরিবারের সদস্য) ব্যয়ভার (যথাঃ Student File, Lodging/Boarding/Tuition Fees ইত্যাদি) উক্ত হিসাব থেকে পরিশোধ করা সম্ভব কিনা বিষয়টি স্পষ্টীকরণের জন্য সাউথ ইস্ট ব্যাংক লিঃ এর প্রতিনিধি প্রস্তাব পেশ করেন। সার্বিক আলোচনান্তে সভার সভাপতি আলোচ্য হিসাব হতে বর্ণিত খাতগুলোতে ব্যয়ের ক্ষেত্রে চলমান রীতি অনুসৃত হতে পারে মর্মে উপস্থিত সকলকে অবহিত করেন।	সকল ব্যাংক
১২.	বিদেশী প্রতিষ্ঠানের এদেশস্থ শাখা/লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক একাধিক ব্যাংকে স্থানীয় মুদ্রা হিসাব খোলার ক্ষেত্রে মনোনীত এডি ব্যাংকের অনাপত্তি পত্র প্রদান এবং এডি ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে একই ব্যাংকের অন্য শাখাকে এডি ব্যাংক হিসেবে মনোনয়ন প্রসঙ্গে।	এফইআইডি	বিদেশী প্রতিষ্ঠানের এদেশস্থ শাখা/লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক মনোনীত এডি ব্যাংক পরিবর্তন করা হলে গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০১৮ (জিএফইটি), (খন্ড-১), অধ্যায়-১৭, অনুচ্ছেদ-৩(গ) এ প্রদত্ত নির্দেশনা অনুসরণ পূর্বক পূর্ববর্তী মনোনীত এডি ব্যাংক হতে অনাপত্তি পত্র সংগ্রহ করে নতুন মনোনীত এডি ব্যাংকে দাখিল করতে হয় এবং এফইআইডিসহ বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগসমূহকে অবহিত করতে হয়। তবে, উল্লিখিত ক্ষেত্রে বর্তমানে কতিপয় অসঙ্গতির প্রেক্ষিতে এফইআইডির প্রতিনিধি স্পষ্টীকরণ করেন যে, বিদেশী প্রতিষ্ঠানের এদেশস্থ শাখা/লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক যে কোন একটি ব্যাংককে এডি ব্যাংক হিসেবে মনোনীত করার পাশাপাশি একাধিক ব্যাংক/একই ব্যাংকের একাধিক শাখায় স্থানীয় মুদ্রা হিসাব খোলা যাবে, সেক্ষেত্রে হিসাব খোলার পূর্বে মনোনীত এডি ব্যাংক/এডি ব্যাংক শাখা হতে অনাপত্তি পত্র সংগ্রহ করতে হবে এবং মনোনীত এডি ব্যাংকের মাধ্যমে এফইআইডিকে অবহিত করতে হবে। তাছাড়া, এডি ব্যাংক পরিবর্তনের ক্ষেত্রে একই ব্যাংকের অন্য শাখাকে এডি ব্যাংক হিসেবে মনোনীত করলে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয় হতে প্রত্যয়ন পত্র সংগ্রহ পূর্বক এফইআইডিকে অবহিত করতে হবে। সভাপতি উত্থাপিত বিষয়গুলো অনুসরণ করার নিমিত্ত ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করার জন্য এফইআইডিকে অনুরোধ করেন।	সকল ব্যাংক
১৩	এডি ব্যাংক কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানের এদেশস্থ লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক বিদেশ হতে উল্লেখযোগ্য পরিমাণে ইনওয়ার্ড রেমিট্যান্স আনয়ন না করলে গ্রাহককে নোটিশ প্রদান করত/নোটিশ প্রদান ছাড়াই তাদের ব্যাংক হিসাব বন্ধ করে দেওয়া প্রসঙ্গে।	এফইআইডি	কতিপয় এডি ব্যাংক কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানের এদেশস্থ লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক বিদেশ হতে উল্লেখযোগ্য পরিমাণে ইনওয়ার্ড রেমিট্যান্স আনয়ন না করলে গ্রাহককে নোটিশ প্রদান করত/নোটিশ প্রদান ছাড়াই তাদের ব্যাংক হিসাব বন্ধ করে দেওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে মর্মে এফইআইডির প্রতিনিধি সভাকে অবহিত করেন। ফলশ্রুতিতে, তাদের এদেশে কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটানোর পাশাপাশি দেশের ভাবমূর্তিও সঙ্কটে পড়ছে। এছাড়া, লিয়াজোঁ/প্রতিনিধি অফিস কর্তৃক ব্যাংক হিসাব স্থাপনের পর দীর্ঘদিন ব্যাংকের সাথে যোগাযোগ না করা ও কোনরূপ ব্যাংকিং লেনদেন না করায় ব্যাংক কর্তৃক স্বপ্রণোদিতভাবে ব্যাংক হিসাব বন্ধ করে দেওয়ার নজিরও পাওয়া গেছে মর্মে উল্লেখ করে এফইআইডির প্রতিনিধি ব্যাংকসমূহকে এরূপ ব্যাংক হিসাব বন্ধ করার পূর্বে আবশ্যিকভাবে গ্রাহককে তিন মাসের নোটিশ প্রদান করা এবং এরূপ ব্যাংক হিসাব বন্ধ করার পর কারণ উল্লেখপূর্বক প্রামাণিক দলিলাদিসহ এফইআইডিকে অবহিত করতে হবে মর্মে স্পষ্টীকরণ করলে সভাপতি উত্থাপিত বিষয়গুলো অনুসরণ করার নিমিত্ত ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করার জন্য এফইআইডিকে অনুরোধ করেন।	সকল ব্যাংক

৫

৪

১৪	<p>প্রোফরমা ইনভয়েস (Proforma Invoice)/ইনডেন্ট (Indent) এ পণ্যের বিবরণ, মান, ইউনিট প্রতি মূল্য এবং পরিমাণ প্রভৃতি অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।</p>	<p>এফইএমএন্ড এলআইএম</p>	<p>গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ভলিউম-১, চ্যাপ্টার-৭, সেকশন-২, প্যারা-২০ মোতাবেক বাংলাদেশে বিদেশ হতে পণ্য আমদানির ক্ষেত্রে কার্যরত এডি ব্যাংকগুলোর অনুকূলে পণ্যের আমদানিকারক-রপ্তানিকারক, কান্ট্রি অব অরিজিন এবং আন্তর্জাতিক বাজারে সংশ্লিষ্ট পণ্যের প্রতিযোগিতামূলক মূল্য যথাযথভাবে যাচাই-বাছাই করতঃ এলসি খোলার সাধারণ প্রাধিকার জ্ঞাপিত রয়েছে। এক্ষেত্রে, বিভিন্ন এডি ব্যাংকের চাহিদার পরিপ্রেক্ষিতে আন্তর্জাতিক বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে সঠিকভাবে আমদানিমূল্য যাচাইয়ের সুবিধার্থে রপ্তানিকারক কর্তৃক প্রেরিত পিআইতে অথবা তাদের এদেশীয় এজেন্ট কর্তৃক সরবরাহকৃত ইন্ডেন্টে আমদানিতব্য পণ্য সম্পর্কিত কতিপয় বিষয় সুস্পষ্টভাবে উল্লেখ করতঃ একটি সার্কুলার প্রণয়নের উদ্যোগের ব্যাপারে সভায় এফইপিডির পরিচালক মহোদয় উত্থাপন করলে উপস্থিত প্রতিনিধিরা সহমত পোষন করেন। সভার সভাপতি দ্রুত সার্কুলারটি প্রণয়নের নির্দেশনা প্রদান করেন।</p>	<p>এফইএমএন্ড এলআইএম, এফইপিডি, বাংলাদেশ ব্যাংক, প্রঃকাঃ।</p>
----	--	-------------------------	--	---

পরিশেষে সভায় যোগদানপূর্বক মূল্যবান অবদান রাখার জন্য উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ জাকির হোসেন চৌধুরী)
আহবায়ক, বিবি-এডি ফোরাম

ও

নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক

